# বাংলাদেশ নির্বাচন কমিশন

## উপজেলা নির্বাচন অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট
## ও
## রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়।

www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০৮.৫২৩৩.০০০.৩২.০০১.২৬- ১৭৮ তারিখ:০৯ আগষ্ট ২০২৬ খ্রি:

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ উপলক্ষে খসড়া প্রকাশ ও চূড়ান্তকরণ প্রসংগে।

সূত্রঃ নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-১৩৯, তারিখ- ০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী ভোটার তালিকা ডাটাবেইজে ৩১/০৭/২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১/০৭/২০২৬ তারিখ পর্যন্ত যারা নিবন্ধিত হয়েছেন বা হবেন তাদেরকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরত: চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ, দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এবং দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরত: চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সময়সূচী নিম্নরুপ:

| ক্রম | বিবরণ | নির্ধারিত সময়সূচী |
|---|---|---|
| ১ | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশের তারিখ | ০৯ আগষ্ট ২০২৬ |
| ২ | খসড়া ভোটার তালিকায় নাম অর্ন্তভূক্তির জন্য দাবী, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখ | ২৪ আগষ্ট ২০২৬ |
| ৩ | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ | ২৭ আগষ্ট ২০২৬ |
| ৪ | দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ | ২৮ আগষ্ট ২০২৬ |
| ৫ | হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার প্রকাশের তারিখ | ৩১ আগষ্ট ২০২৬ |

২। হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার মুদ্রিত কপি সর্বসাধারণের পরিদর্শনের জন্য নিম্নবর্ণিত স্থানে উন্মুক্ত থাকবে:

(১) জেলা নির্বাচন অফিস, লালমনিরহাট।
(২) উপজেলা নির্বাচন অফিস, হাতীবান্ধা, লালমনিরহাট।
(৩) বড়খাতা, গড্ডিমারী, সিংগীমারী, টংভাংগা, সিন্দুর্না, পাটিকাপাড়া, ডাউয়াবাড়ী, নওদাবাস, গোতামারী, ভেলাগুড়ি, সানিয়াজান ও ফকিরপাড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট।

৩। জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট ও সংশোধনকারী কর্তৃপক্ষকে সম্বোধন করে আগামী ২৪ আগষ্ট ২০২৬ তারিখের অফিস সময়ের মধ্যে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার উপর নির্ধারিত ফরমে নাম অন্তর্ভূক্তির দাবী (ফরম-৬), নাম অন্তর্ভূক্তির বিরুদ্ধে আপত্তি (ফরম-৭) ও সংশোধনের(ফরম-৮) আবেদন দাখিল করা যাবে।

৪। তার আওতাধীন ইউনিয়ন পরিষদের ছবিসহ খসড়া ভোটার তালিকার মুদ্রিত কপি ( প্রত্যেক ভোটার এলাকার পুরুষ ও মহিলা ভোটার তালিকার এক কপি) ও বিজ্ঞপ্তির কপি এতদসংগে প্রেরণ করা হলো। ছবিসহ খসড়া ভোটার তালিকার কপি সুষ্ঠুভাবে রক্ষনাবেক্ষণ করতে হবে এবং ফটোকপি করা যাবে না। উক্ত ভোটার তালিকা সর্বসাধারণকে প্রদর্শন করে নির্ধারিত সময়ের পরে অত্র দপ্তরে ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

( ফারুক আহমেদ )
উপজেলা নির্বাচন অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফোনঃ ০২৫৮৮৮৭৭৯৮৯
মোবাঃ ০১৫৫০০৪২৫৩৩
hatibandhaueo@gmail.com

প্রাপক : ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা
বড়খাতা, গড্ডিমারী, সিংগীমারী, টংভাংগা, সিন্দুর্না, পাটিকাপাড়া, ডাউয়াবাড়ী,
নওদাবাস, গোতামারী, ভেলাগুড়ি, সানিয়াজান ও ফকিরপাড়া ইউনিয়ন

স্মারক নং-১৭.০৮.৫২৩৩.০০০.৩২.০০১.২৬.১৭৩ তারিখ:০৯ আগষ্ট ২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।

৪। জেলা প্রশাসক,লালমনিরহাট।

৫। প্রশাসক, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।

৬। জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট ও সংশোধনকারী কর্তৃপক্ষ।

৭। উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।

৮। উপজেলা ............................... অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।

৯। চেয়ারম্যান/ প্রশাসক, বড়খাতা, গড্ডিমারী, সিংগীমারী, টংভাংগা, সিন্দুর্না, পাটিকাপাড়া, ডাউয়াবাড়ী, নওদাবাস, গোতামারী, ভেলাগুড়ি, সানিয়াজান ও ফকিরপাড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট (হালনাগাদকৃত ছবিসহ খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )

১০। সভাপতি/সম্পাদক প্রেস ক্লাব, হাতীবান্ধা, লালমনিরহাট।

০৯/০৮/২৬

উপজেলা নির্বাচন অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট।

# বাংলাদেশ নির্বাচন কমিশন

উপজেলা নির্বাচন অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়।
**www.ecs.gov.bd**

স্মারক নং-১৭.০৮.৫২৩৩.০০০.৩২.০০১.২৬. ১৭৪ তারিখ:০৯ আগষ্ট ২০২৬ খ্রি:

## বিজ্ঞপ্তি

ভোটার তালিকা আইন, ২০০৯ এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ অনুযায়ী আমি ফারুক আহমেদ, উপজেলা নির্বাচন অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্বারা লালমনিরহাট জেলাধীন হাতীবান্ধা উপজেলার গড্ডিমারী, সিংগীমারী, টংভাংগা, সিন্দুর্না, পাটিকাপাড়া, ডাউয়াবাড়ী, নওদাবাস, গোতামারী, ভেলাগুড়ি, সানিয়াজান ও ফকিরপাড়া ইউনিয়ন পরিষদের ভোটার এলাকা সমুহের ভোটার তালিকা হালনাগাদ-২০২৬ কার্যক্রমের হালনাগাদকৃত ছবিসহ ভোটার তালিকার খসড়া প্রকাশ করছি।

২। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির দাবী অথবা অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনীর আবেদন আগামী ২৪ আগষ্ট ২০২৬ খ্রি: তারিখের মধ্যে আমার/জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট ও সংশোধনকারী কর্তৃপক্ষ এর কার্যালয়ে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে দাখিল করা যাবে।

টিকা: অফিস সময়ে আমার কার্যালয়ে অথবা প্রকাশিত স্থান সমুহে হালনাগাদকৃত ছবিসহ খসড়া ভোটার তালিকা দেখা যাবে।

স্থান : হাতীবান্ধা, লালমনিরহাট
তারিখ : ০৯ আগষ্ট ২০২৬ খ্রি:

০৯/০৮/২৬

( ফারুক আহমেদ )
উপজেলা নির্বাচন অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট।
ও
রেজিস্ট্রেশন অফিসার।